



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত এবং রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬

ফোন: ৪৮০৩৩৯০৩, ৪৮০৩৬৯৪২ ও ৪৮০৩৭৩৫৭

ওয়েব সাইট: www.dcc.edu.bd

স্মারক নং: ঢাকক-

তারিখ: ২৫ আগস্ট, ২০২২

## দরপত্র বিজ্ঞপ্তি

ঢাকা কমার্স কলেজ জার্নালের ভলিউম ১৩, নং ১, ডিসেম্বর ২০২১ সংখ্যার মুদ্রণের জন্য প্রকৃত প্রিন্টিং প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। কাজের বিবরণ ও শর্তসমূহ নিম্নরূপ:

দ্রব্যের নাম	সংখ্যা	দ্রব্যের বিবরণ
ঢাকা কমার্স কলেজ জার্নাল	৫০০ (বই আকারে)	সাইজ: ৯"×৭.২৫" ইনার ও প্রবন্ধ: ৮০ গ্রাম অফসেট পেপারে ১ কালার ছাপা কভার: ম্যাট ও স্পট লেমিনেশনসহ ৩০০ গ্রাম আর্ট কার্ডে ৪ কালার ছাপা বাঁধাই: অটো থ্রু বাঁধাই ফর্মা: ১৩ (সর্বোচ্চ) পৃষ্ঠা: ১০৪ (১৩×৮, সর্বোচ্চ)

### শর্তসমূহ

১. সিলগালাকৃত কোটেশন ১০ সেপ্টেম্বর ২০২২-এর মধ্যে অধ্যক্ষ, ঢাকা কমার্স কলেজ, মিরপুর, ঢাকা-১২১৬ বরাবর অফিস চলাকালীন সময়ে কলেজ অফিসে পৌছাতে হবে।
২. কোটেশনের সাথে কভার ও ইনারের নমুনা প্রদান করতে হবে।
৩. সরকারি বিধি মোতাবেক ভ্যাট ট্যাক্স প্রযোজ্য হবে এবং তা কোটেশনে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
৪. ওয়ার্ক অর্ডার প্রাপ্তির তিন দিনের মধ্যে অধ্যক্ষ, ঢাকা কমার্স কলেজ-এর অনুকূলে ফেরতযোগ্য জামানত হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে।
৫. জার্নাল প্রেসে যাবার পূর্বে প্রাথমিক যাবতীয় কাজ (এডিটিং, ইলাস্ট্রেশন ইত্যাদি) কম্পিউটার ও প্রিন্টার কলেজে এনে সম্পন্ন করতে হবে।
৬. জার্নাল ছাপার পূর্বে দুই দফা প্রিন্ট ও সবশেষে কভার পেজসহ দুই কপি ডামি বা নমুনা উপস্থাপন করতে হবে।
৭. সরবরাহকারী নিজ দায়িত্বে ও খরচে জার্নাল কলেজে পৌছাবে।
৮. কার্যাদেশ প্রাপ্তির ২১ দিনের মধ্যে জার্নাল সরবরাহ সম্পন্ন করতে হবে।
৯. সরবরাহকৃত দ্রব্য অবশ্যই অনুমোদিত নমুনা অনুযায়ী হতে হবে।
১০. জার্নাল প্রকাশের পর এর সফট্ এবং পিডিএফ কপি সিডিতে বা পেন ড্রাইভে করে এডিটরের অফিসে জমা দিতে হবে।
১১. ফর্মা কমবেশী হলে সে অনুযায়ী মূল্য নির্ধারিত হবে।
১২. সরবরাহকারীর সমুদয় পাওনা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১৩. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো বা সকল কোটেশন বাতিল করতে পারে।
১৪. উল্লিখিত শর্তসমূহের কোনোরূপ ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ